

**কাগজের ঘাড়ভে
পরীক্ষার খাতা
পাওয়ার ব্যাপারে
ভদ্দর চলছে**

(স্টাফ রিপোর্টার)

ইংলিশ রোডের পুরাতন কাগজের
আড়তে সদ্য সমাপ্ত এসএসসি
পরীক্ষার খাতা পাওয়ার ব্যাপারটির
ভদ্দর চলছে। গতকালই ঢাকা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
বোর্ডের দুজন অফিসার অফিসে
একসামিনারের সাথে সোণাযোগের
উদ্দেশ্যে নরসিংদী চলে গেছেন।
সরেজমিনে তদন্ত শেষে আজ তারা
ঢাকা ফিরে আসবেন।

উল্লেখ্য গতকাল ঢাকার দুটি
দৈনিক পত্রিকায় ঢাকা বোর্ডের সদ্য
সমাপ্ত এসএসসি পরীক্ষার কোর্সিট
খাতা পাওয়া সংক্রান্ত খবর প্রকাশিত
হয়েছে। খবরটি সত্যতার বিভিন্ন
স্তরের জনসাধারণ, ছাত্র, শিক্ষক ও
অভিভাবকদের উদ্বেগ করে উল্লেখ্যে

ঢাকা বোর্ডের চেয়ারম্যান আনান
নরসিংদী মহকুমার সিকান্দারগাঁও
এ এম হাইস্কুলের শিক্ষক জনাব
(শেষ পৃষ্ঠা-এর কলাম ৮)

ভদ্দর চলছে

(১ম পৃষ্ঠা পর)

শফিকুল ইসলাম খানকে ময়মনসিংহ
ও জামালপুর জেলার ৬টি কেন্দ্রে
১৫২টি কোর্সিট খাতা দেখার জন্য
দেয়া হয়েছিল। গত ৬ই মে বেলা
দুটায় জনাব শফিকুল ইসলাম খান
যথাযথ 'আইডেন্টিফিকেশন' এর
বোর্ড অফিস থেকে ১৫২টি কোর্সিট
খাতা বুরে নেন। তার দুর্ভাগ্য পরই
কি করে এসব খাতা ঢাকায় ইংলিশ
রোডের পুরাতন কাগজের দোকান
এল তা বিস্ময়কর।

একসামিনার জনাব শফিকুল ইস
লাম খানকে মোহনগঞ্জ কেন্দ্রে ১টি
ইসলামপুর কেন্দ্রে ৪৮টি, মাদার
গঞ্জ কেন্দ্রে ২৩টি, বাজিতপুর
কেন্দ্রে ১টি নাখলা কেন্দ্রে ৪টি
এবং ফুলপুর কেন্দ্রে ২৭টি খাতা
দেয়া হয়েছিল। বোর্ডের নিয়ম অনু
যায়ী তাঁকে বোর্ড অফিসে ডেকে
এনে যথাযথ বিফিং-এর পরই এসব
খাতা দেয়া হয়েছিল।

অনুমান করা হচ্ছে, জনাব শফি
কুল ইসলাম খান ফেরার পথে হয় তা
এসব খাতা বাস বা রিকশায় হারিয়ে
ফেলেন অথবা ছিনতাই বা চুরি
হয়েছে। কিন্তু এই ব্যাপারে গতকাল
পর্যন্ত তিনি বোর্ড কর্তৃপক্ষকে
কোন কিছু জানাননি। বর্তমানে এই
১৫২টি খাতাই ঢাকার একটি পরিষ্কার
কর্তৃপক্ষের হেফাজতে রয়েছে।